# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 08 April, 2025

ফিলিস্তিনের গাজায় দখলদার ইসরাইলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ মিছিল করেছে জাতীয়তাবাদী ছাত্রদল।এসময় নেতাকর্মীরা ইসরাইলী বর্বরতা রুখতে ইসরাইলী ও মার্কিন পণ্য বয়কটের ডাক দেন।জেলা ছাত্রদলের ব্যানারে আয়োজিত বিক্ষোভে কয়েকশ নেতাকর্মী অংশ নেন।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে জেলা ছাত্রদলের সভাপতি সমীনুজ্জামান সমিন ও সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিকের নেতৃত্বে বিক্ষোভ মিছিল বের হয়।

মিছিলটি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।মিছিলে নেতাকর্মীরা ফিলিস্তিনকে সমর্থন দিয়ে নানা স্লোগান দিতে থাকেন।এসময় ইসরাইলি বাহিনীর নির্মম হত্যাযজ্ঞের প্রতিবাদে বিভিন্ন স্লোগান সম্বলিত ফেস্টুন ও প্ল্যাকার্ড নিয়ে মিছিল করেন ছাত্রদলের নেতাকর্মীরা।

মিছিল শেষে ছাত্রদলের নেতাকর্মীরা শহরের পায়রা চত্বরে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।এসময় বক্তব্য দেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, যুবদলের সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেল, সাংগঠনিক সম্পাদক বখতিয়ার রহমান।

সমাবেশে বক্তারা বলেন, দখলদার ইসরাইল নির্বিচারে ফিলিস্তিনের মুসলমানদের ওপর গণহত্যা চালাচ্ছে।বিশ্ব বিবেক আজ স্তব্ধ।বিশ্ব মুসলমান নেতৃত্ব কোনো ভূমিকা রাখছে না।ইসরাইলকে রুখতে প্রয়োজনে মার্কিন ও ইসরাইলের উৎপাদিত পণ্য বয়কট করতে হবে।

বক্তারা আরও বলেন, প্রতিবাদের ভাষা হবে সংযত।সংঘাত সৃষ্টি করে প্রতিবাদ করার চেয়ে আমরা ইসরাইল ও মার্কিনী সকল পণ্য বয়কট করব।ইসরাইলের সন্ত্রাসী কর্মকা- রুখতে মুসলিম বিশ্বকে ঐক্যবদ্ধ হতে হবে।

সমাবেশে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের সহ সভাপতি ইমরান হোসেন, সাহেদ হোসেন, কেসি কলেজ ছাত্রদলের সদস্য সচিব মেহেদী হাসান, সিটি কলেজ ছাত্রদলের সদস্য সচিব সাকিব হোসাইন প্রমুখ।

ফিলিস্তিন ইসরাইল ছাত্রদল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 14:01

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/149418485